শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

Cox's Bazar Palli Bidyut Samity

মুজিব শতবর্ষ MUJIB 100

জেনারেল ম্যানেজারের কার্যালয়
ঝিলংজা, কক্সবাজার।

web: www.pbs.coxsbazar.gov.bd, e-mail: coxspbs@yahoo.com, Phone: 880-341-63997/64022

স্মারক নং-২৭.১২.২২২৪.৫৪৩.০১.০৩৮.২৩. ২৫৭৬

তারিখ : ০১ শ্রাবণ' ১৪৩০ বাংলা
১৬ জুলাই' ২০২৩ খ্রিঃ

বিষয়: বিদ্যুৎ বিল পরিশোধিত গ্রাহকদের প্রত্যয়নপত্র ছাপানোর লক্ষ্যে রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে পুন:দরপত্র বিজ্ঞপ্তি।

কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতির নিজস্ব অর্থায়নে বিদ্যুৎ বিল পরিশোধিত গ্রাহকদের প্রত্যয়নপত্র ফরম ছাপানোর লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত ব্যবসায়িক প্রতিষ্ঠান/ঠিকাদারী প্রতিষ্ঠান/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে সিল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | মালামালের বিবরণ | পরিমাণ | উদ্ধৃত মূল্য (সকল প্রকার ভ্যাট ও কর সহ) | |
|---|---|---|---|---|
| | | | একক মূল্য | মোট মূল্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ = ৩×৪ |
| ১। | **বিদ্যুৎ বিল পরিশোধিত গ্রাহকদের প্রত্যয়নপত্র (কম্পিউটারাইজড) ঃ**<br><br>৮.৫´´× ৫.৫´´ সাইজের NCR paper Auto Carbon দ্বারা তৈরী (আভ্যন্তরীন আকার সহ) উভয় পার্শ্বে পারফুরেশনসহ কর্তৃপক্ষের অনুমোদিত নমুনা ফরমেট (২ পাতায় ১ সেট, ১ম পাতা সাদা ও ২য় পাতা হলুদ) অনুযায়ী উৎকৃষ্ট কালিদ্বারা হুবহু প্রিন্টিং ও সরবরাহ করতে হবে। পাতা সমূহ চলমান কাগজে (Continuous paper) তৈরী করতে হবে। চলমান পৃষ্ঠার উভয় পাশে ট্রাক্টরের ছিদ্র সমূহ একটি ষ্ট্যান্ডার্ড ফরমেটে তৈরী হবে এবং উক্ত ছিদ্র সমূহ ষ্টার পাঞ্চ (Star Punch) দ্বারা করতে হবে। যাতে ছিদ্র সমূহে কোন ডাষ্ট (কাগজের উচ্ছিষ্ট অংশ) না থাকে। প্রত্যয়ন পত্র সমূহে মনোগ্রাম সহ নমুনা মোতাবেক অন্যান্য তথ্যাবলী স্পষ্ট অক্ষরে (Deep Print) অফসেট ছাপা হবে (নমুনা মোতাবেক)। ( ২০০০ সেটে ১ বক্স)। ISO 9001:2015 Certified কথাটি প্রতিটি প্রত্যয়ন পত্রে পবিসের মনোগ্রামের নিচে থাকতে হবে। | ২,৪০,০০০ সেট /১২০ বক্স | | |
| | | সর্বমোট = | | |

## দরপত্র গ্রহন ও খোলার স্থান এবং সময় সূচী

**দরপত্র গ্রহন ও খোলার স্থান**

ক) সদর দপ্তর, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, ঝিলংজা, কক্সবাজার।
খ) পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা।

**সময় সূচী**

| | | |
|---|---|---|
| দরপত্র গ্রহনের শেষ তারিখ এবং সময় | : | ২৩ জুলাই ২০২৩ খ্রিঃ রোজ রবিধবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত। |
| দরপত্র খোলার তারিখ এবং সময় | : | ২৩ জুলাই ২০২৩ খ্রিঃ রোজ রবিবার দুপুর ১২:০৫ ঘটিকা। |

**শর্তাবলী:**

০১। আগ্রহী দরদাতাগণ উপরে বর্ণিত সময়সীমার মধ্যে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে উপরোক্ত দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহন করা হবে না। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী নির্ধারিত স্থানে দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে **"বিদ্যুৎ বিল পরিশোধিত গ্রাহকদের প্রত্যয়ন পত্র"** কথাটি লিখে খাম সীলগালা যুক্ত করতে হবে। দরপত্র সঠিকভাবে পূরন করে প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে স্বাক্ষর করতে হবে।

০৩। দরপত্রের সাথে হালনাগাদ (ক) ট্রেড লাইসেন্স (খ) ভ্যাট রেজিষ্ট্রেশন (গ) ব্যাংক সলভেন্সী ও (ঘ) আয়কর সনদ এর ফটোকপি প্রথম শ্রেনীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।

০৪। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে উপরে বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী সমস্ত মালামাল সরবরাহ করতে হবে। মালামাল সরবরাহের পর পবিস কর্তৃক গঠিত গুনগত মান যাচাই করণ কমিটি কর্তৃক গুনগত মান যাচাই করে মালামাল গ্রহণ করা হবে।

০৫। সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পে-চেক এর মাধ্যমে সরাসরি বিল পরিশোধ করা হবে। সরকারী নিয়ম অনুযায়ী মোট বিল হতে ভ্যাট ও অন্যান্য কর কর্তন করা হবে ।
উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা ও ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গন্য হবে।

০৬। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পাদন করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

০৭। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কক্সবাজার পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৮ দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১৫।৭।২৩

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার

অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

০১। পরিচালক পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে দরপত্র গ্রহণের সদয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।

০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইট-এ দরপত্র প্রকাশের নিমিত্তে অনুরোধসহ)।

০৩। জেলা প্রশাসক, কক্সবাজার।

০৪। পুলিশ সুপার, কক্সবাজার।

০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................পবিস-১/২/৩/৪।

০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ কার্যালয়, কক্সবাজার।

০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, কক্সবাজার।

০৮। ডিজিএম, টেকনাফ জোনাল অফিস, কক্সবাজার পবিস।

০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, কক্সবাজার।

১০। এজিএম (ওএন্ডএম/অর্থ-হিসাব/প্রশাসন), কক্সবাজার পবিস।

নির্ধারিত তারিখে কক্সবাজার পবিসের সদর দপ্তরে উপস্থিত হয়ে প্রাপ্ত দরপত্র সমূহ মূল্যায়ন করবেন।

১১। এজিএম ( আইটি-১/২), কক্সবাজার পবিস, ( বিজ্ঞপ্তিটি কক্সবাজার পবিসের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)।

১২। মেসার্স .........................................................।

১৩। নোটিশ বোর্ড, কক্সবাজার পবিস/ওয়েব সাইট: www.pbs.coxsbazar.gov.bd

১৪। অফিস কপি/মাষ্টার ফাইল।

১৫।৭।২৩

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার